

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০২৯.২৩ নথির বিষয়: "Removing of contamination water at Konapara, Momenbagh, Shahjalal Road, Dogair, New Para Dogair, AL-Amin Road, Adorshobagh etc. areas under MODS Zone-7, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: "Removing of contamination water at Konapara, Momenbagh, Shahjalal Road, Dogair, New Para Dogair, AL-Amin Road, Adorshobagh etc. areas under MODS Zone-7, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৭/২৩ ১২:৩৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৭ এর আওতাধীন জনবহুল এলাকায় বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে সম্মানিত গ্রাহকদের পানি সরবরাহ করা হচ্ছে। কোনাপাড়া, মোমেনবাগ, শাহজালাল রোড, ডগাইর, নিউ পাড়া ডগাইর, আল-আমিন রোড, আদর্শবাগ ও তৎসংলগ্ন এলাকা সমূহে প্রায়শঃই ময়লা পানি পাচ্ছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয় এবং ময়লা পানির উৎস খোঁজা ও নিরসন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয়। সংশ্লিষ্ট এলাকা সমূহের বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ময়লা পানি প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুগন্ধ যুক্ত পানি গ্রাহক হোস্টিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। উল্লেখ্য যে, মডস জোন-৭ এর আওতাধীন অধিকাংশ এলাকা ডিএনডি প্রকল্পের অন্তর্ভুক্ত বিধায় উক্ত এলাকা সমূহে খাল, ডোবা-নালা ও পরিত্যক্ত জলাধার তুলনামূলকভাবে বেশি। সংশ্লিষ্ট বিভাগ উক্ত এলাকাসমূহের খাল পরিষ্কার করার সময় ঢাকা ওয়াসার সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগে ক্ষতিগ্রস্ত করে থাকে। ফলে ক্ষতিগ্রস্ত সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ দিয়ে লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হয়ে এলাকায় পানির স্বল্পতা দেখা দেয় এবং ক্ষতিগ্রস্ত পয়েন্ট দিয়ে ময়লা পানি সরবরাহ নেটওয়ার্কে প্রবেশ করে গ্রাহক হোস্টিং এ সরবরাহ হয়। এছাড়া বিভিন্ন সময় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, তিতাস গ্যাস এবং বিভিন্ন সংস্থা বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে গিয়ে সরবরাহ লাইন ক্ষতিগ্রস্ত করে যা, সঠিকভাবে মেরামত না করে চলে যায় ফলে সরবরাহ পানির লাইন লিকেজ হয়ে পানির অপচয়, রাস্তা নষ্ট ও সরবরাহ নেটওয়ার্কে ময়লা পানি প্রবেশ করে মর্মে অত্র দপ্তরে সম্মানিত গ্রাহক পর্যায় হতে অভিযোগ পাওয়া যায়। ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুণ্ণ রাখার স্বার্থে ন্যূনতম সময়ে ময়লা পানির উৎস খোঁজা এবং তা নিরসন করার জন্য পানির লাইন এ সৃষ্ট লিকেজগুলো মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৭/২৩ ১:০৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে "পার্ট-এ"-তে মালামাল বাবদ ২৪,০৬০/- (চব্বিশ হাজার ষাট) টাকা মাত্র এবং "পার্ট-বি"-তে লেবার চার্জ বাবদ ৩,৯৭,৭৮১.৯৭৫ (তিন লক্ষ সাঁতানব্বই হাজার সাতশত একাশি দশমিক নয় সাত পাঁচ টাকা মাত্র) টাকা মাত্র সহ সর্বমোট ৪,২১,৮৪১.৯৭৫ (চার লক্ষ একুশ হাজার আটশত একচল্লিশ দশমিক নয় সাত পাঁচ টাকা মাত্র) টাকা মাত্র। আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-B -13.40 এ অন্তর্ভুক্ত আছে। আলোচ্য কাজটি পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান – মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ – এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য "পার্ট-এ"-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। ক্যালকুলেশন শিট।
- ৪। উপস্থাপিত প্রাক্কলন।
- ৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/৭/২৩ ১:১৪ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে, "Removing of contamination water at Konapara, Momenbagh, Shahjalal Road, Dogair, New Para Dogair, AL-Amin Road, Adorshobagh etc. areas under MODS Zone-7, Dhaka WASA." কাজটি জরুরি বিধায় পিপিআর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান - মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ - এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে "পার্ট-বি"-তে পেশকৃত সর্বমোট ৩,৯৭,৭৮১.৯৭৫ (তিন লক্ষ সাঁতানব্বই হাজার সাতশত একাশি দশমিক নয় সাত পাঁচ টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সবিনয়ে উপস্থাপন করা হ'ল।



১৮/৭/২৩ ১:২৩ অপরাহ্ন
শেখ আহমেদ সাঈদ সারি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৮/৭/২৩ ১:৩৪ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৮/৭/২৩ ১:৫১ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



২৬/৭/২৩ ১২:৫৫ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৬/৭/২৩ ১২:৫৫ অপরাহ্ন

মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/৭/২৩ ৯:৪৭ অপরাহ্ন

অনুমোদিত



২৯/৭/২৩ ৯:৪৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৯/৭/২৩ ৯:৪৭ অপরাহ্ন

মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৯/৭/২৩ ১০:৫১ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3



২৯/৭/২৩ ১০:৫১ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

২৯/৭/২৩ ১০:৫১ অপরাহ্ন
শেখ আহমেদ সাঈদ সারি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭